# ------------------- লিমিটেড

---------------------------- গাজীপুর।

<table>
<tr><td rowspan="3">পড়ে যাওয়া হতে সুরক্ষা ব্যবস্থা সংক্রান্ত নীতিমালা ও পদ্ধতি<br>Fall Protection Policy & Procedures</td><td>নীতিমালা প্রণয়নের তারিখ ঃ ০১/১১/২০২২ ইং</td></tr>
<tr><td>নীতিমালা কার্যকর তারিখ ঃ ০১/১১/২০২২ ইং</td></tr>
<tr><td>নীতিমালা নবায়নের তারিখ ঃ ০১/০১/২০২৩ ইং</td></tr>
<tr><td>নীতিমালা বাস্তবায়ন ও কার্যকরের জন্য দায়িত্বশীল ব্যক্তিঃ</td><td>উপ মহা ব্যবস্থাপক (এডমিন, এইচ আর এন্ড কমপ্লায়েন্স)</td></tr>
</table>

**ভূমিকাঃ**

------------------------ লিমিটেড একটি ১০০% রপ্তানীমূখী নীট ফেব্রিক প্রস্তুতকারী স্বনামধন্য প্রতিষ্ঠান। কারখানা কর্তৃপক্ষ পড়ে যাওয়া হতে সুরক্ষা ব্যবস্থা সংক্রান্ত নীতিমালা ও পদ্ধতি সুরক্ষার ক্ষেত্রে একটি সুনির্দিষ্ট নীতমালা অনুসরণ করে থাকেন এবং কর্মরত সকলের জানমালের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে সর্বদা প্রতিশ্রুতিবদ্ধ।

**উদ্দেশ্যঃ**

- ➢ অনাকাঙ্খিতভাবে পড়ে গিয়ে দুর্ঘটনার জন্য পর্যাপ্ত প্রতিরোধ ব্যবস্থা নিশ্চিত করা।
- ➢ অনাকাঙ্খিতভাবে পড়ে গিয়ে দুর্ঘটনার জন্য পর্যাপ্ত প্রতিরোধ ব্যবস্থা বিষয়ে প্রয়োজনীয় সচেতনতা সৃষ্টি করা।
- ➢ সার্বিক নিরাপত্তা নিশ্চিত করে দূঘটনা প্রতিরোধকল্পে এই নীতিমালা ও পদ্ধতি বাস্তবায়ন করা।

**পড়ে যাওয়া হতে সুরক্ষা ব্যবস্থা সংক্রান্ত নীতিমালা ও পদ্ধতি বাস্তবায়ন কার্যক্রমঃ**

ক) উচু স্থানে কাজ করার সময় করণীয়ঃ

কার্জ করার জন্য কাজের প্রকৃতি অনুসারে অতিরিক্ত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ অপরিহার্য। এ ক্ষেত্রে যাবতীয় ব্যবস্থা গ্রহনের পর নিম্লোক্ত অতিরিক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে-

- ⇨ অবশ্যই সেইফটি বেল্ট পরিধান করতে হবে।
- ⇨ দাঁড়িয়ে কাজ করার জন্য উঁচু মাঁচা বা অন্য কোন প্রযোজ্য নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

খ) কন্সট্রাকশন ও মেইনটেন্যান্স ওয়ার্ক এর ক্ষেত্রে করণীয়ঃ

উঁচু স্থানে কন্সট্রাকশন ও মেইনটেন্যান্স কাজের সময় আলোচ্য বিষয়বস্তু থেকে যেখানে যে ব্যবস্থা গ্রহণ প্রয়োজন তা করতে হবে। যেমন-

- ⇨ কন্সট্রাকশন কর্মীদের সেইফটির কাজে নিয়োজিত কর্মীর প্রয়োজনীয় ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জামাদি (পিপিই) যেমন- হেলমেট, আই প্রোটেকশন, হ্যান্ড গ্লাভস, ফেইস মাস্ক, ইয়ার প্রোটেকশন, সেইফটি বুট, ফল প্রোটেকশন বেল্ট ইত্যাদি নিশ্চিত করতে হবে।
- ⇨ উঁচু স্থানে নিচ থেকে রড, ঢালাই মালামাল উত্তোলন, দেয়াল গাথুনী, দেয়ালে আস্তর, ভেতরে বাইরে পেইন্টিং করা, বৈদ্যুতিক সরঞ্জাম স্থাপন করা ইত্যাদি ক্ষেত্রে সেইফটি বেল্ট ব্যবহার করতে হবে।
- ⇨ মই ব্যবহারের ক্ষেত্রে মইয়ের চাকা লক/আনলক বিষয়টি আগেই দেখে নিতে হবে।
- ⇨ যদি অধিক উচ্চতায় অথবা বিপজ্জনক অবস্থায় অথবা উপযুক্ত নিরাপত্তা ব্যবস্থা ছাড়া কাজ করতে পাওয়া যায় তবে তাৎক্ষণিকভাবে সাইট অথবা নিয়োগকারী কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে কাজ বন্ধ করে দেয়া হবে।
- ⇨ শ্রমিকদের বিপদ সম্বন্ধে সচেতন করতে হবে।
- ⇨ ঠিকাদার/নিয়োগকারী কর্তৃপক্ষকে ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম সরবরাহ করার পরামর্শ প্রদান করতে হবে।

**প্রতিরোধ ব্যবস্থাঃ**

উঁচু জায়গা হতে পড়ে যাবার ঝুঁকি রোধকল্পে নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

- প্রতি তালায়, ছাদে এবং প্রতি তালার খোলা জায়গায় ৯০০মিমি/৩ ফুট উচ্চতা বিশিষ্ট নিরাপত্তা বেষ্টনী প্রদান করা।
- নিরাপত্তা জাল ব্যবস্থা যথোপযুক্ত মজবুত উপাদান দিয়ে তৈরি করতে হবে যা কিনা কোন ভবনের কোন অংশে তিন (০৩) মিটারের বেশি অতিক্রম করবেনা।
- যেখানে নির্মাণ শ্রমিকরা কাজ করে এবং উঁচু জায়গা হতে পড়ে যাবার সম্ভাবনা থাকে সেখানে প্রদেয় সেইফটি বেল্ট বহনকারী ব্যক্তির ওজন হতে অন্ততঃ ১.৫ গুণ ভার বহনের ক্ষমতা থাকতে হবে।

**<u>প্রতিবেদন প্রদান পদ্ধতিঃ</u>**

- পরিদর্শনকালে পরিদর্শকগণ মৌখিকভাবে ঠিকাদার, সংশ্লিষ্ট ব্যক্তি, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, শ্রমিক প্রতিনিধিগণকে উঁচু স্থান হতে পরে যাবার ঝুঁকি সম্বন্ধে অবহিত করতে হবে।
- পরিদর্শন শেষে সমস্যা সমাধানকল্পে ১ হতে ৩ দিনের সময়সীমা বেঁধে দিয়ে ঠিকাদার প্রতিষ্ঠানকে লিখিত নোটিশ প্রদান করবে।
- সর্বদা ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামাদি ব্যবহার করতে হবে, উদাহরণস্বরূপ বলা যেতে পারে গার্ড রেল স্থায়ী অথবা সাময়িক হিসেবে কিনারায় সুরক্ষা হিসেবে ব্যবহার করা। যেখানে উঁচু স্থানে কাজ করতেই হয় সেখানে অবশ্যই  সেফটি নেট বা সেফটি বেল্ট ব্যবহার করতে হবে।
- সতর্কতামূলক প্রতীক, ঐ জায়গায় গমন হতে বিরত থাকা উঁচু স্থান হতে পড়া রোধে কাজ করে। নির্মাণ সামগ্রী পড়ে যাওয়া কল্পে উপযুক্ত পরিষ্কার পরিছন্ন রাখার ব্যবস্থা মানতে হবে।
- উঁচু স্থানে কাজ করার জন্য স্থায়ী ব্যবস্থা নিতে হবে।

**<u>কার্যক্রম পর্যবেক্ষন, বাস্তবায়ন ও সচেতনতা বৃদ্ধিঃ</u>**

- ফায়ার সেফটি/সিকিউরিটি/এডমিন অফিসার, ব্যবস্থাপক (প্রশাসন, মানবসম্পদ ও কমপ্লায়েন্স) এবং বিভাগীয় প্রধান (মানবসম্পদ, প্রশাসন ও কমপ্লায়েন্স) এই নীতিমালা বাস্তবায়ন কার্যক্রম তদারকি করবেন।
- সকলের মধ্যে সচেতন কারার জন্য এর একটি কপি নোটিশ বোর্ডে টানিয়ে দেওয়া হবে।
- ফায়ার সেফটি অফিসার এবং কল্যান কর্মকর্তা এই নীতিমালা সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করবেন।
- প্রশিক্ষন সংক্রান্ত নথিপত্র মানব সম্পদ বিভাগে সংরক্ষণ করা হবে এবং পরবর্তী যে কোন সময়ে তা যাচাই করার জন্য সংরক্ষিত থাকবে।

| ক্র নং | ঝুঁকির নাম | ঝুঁকির মাত্রা | সম্ভাব্য ক্ষতি | প্রতিকারে করণীয় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | পিছলে পড়া, হোঁচট, পড়ে যাওয়া। | মধ্যম | পিছলে পড়ে, হোঁচট, পড়ে যাওয়ার কারনে যে কোন ধরনের দৈহিক ক্ষতি হতে পারে। | ১. কাজ করার জন্য ঝুঁকিপূর্ন সংক্ষিপ্ত পদ্ধতি ত্যাগ করে সঠিক পদ্ধতিতে কাজ করা এবং মনসংযোগ কাজের স্থানে রাখা।<br>২. যে কোন জরুরী পরিস্থিতিতে জীবনের সুরক্ষা অধিক গুরত্বপূর্ন বিবেচনা করতে হবে।<br>৩. সিঁড়ি ব্যবহারে সময় হ্যান্ড রেইল ব্যবহার করা।<br>৪. সকল প্রকার ইলেকট্রিক তার, ইন্টারনেট তার, পাওয়ার কর্ড ইত্যাদি ক্যাবল টাই দিয়ে আটকে রাখা।<br>৫. চলাচলের পথে সঠিক লুমেনের আলো নিশ্চিত করা।<br>৬. পরিস্কার নিরাপত্তা বার্তা সংবলিত দৃষ্টি গ্রাহ্য সুরক্ষা বোর্ড।<br>৭. উঁচু স্থানে কাজ করার সময় সঠিক টুল, মই, ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামাদি/ নিরাপত্তামূলক যন্ত্রপাতি ব্যবহার করা।<br>৮. পিচ্ছিল মেঝে বা ছাদে কাজ করনার পূর্বে জুতার তলা, মেঝে সাবধানতার সাথে নিরাপদ করে নিতে হবে।<br>৯. নিয়মিত নিরাপত্তা প্রশিক্ষনে অংশগ্রহন করা।<br>১০.রাসায়নিক তরল দ্রব্য মাটিতে পড়ে গেলে তা দ্রুত নির্দেশিত পদ্ধতি অনুসারে | |

# ------------------- লিমিটেড

---------------------------- গাজীপুর।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | অপসারন করতে হবে।<br>১১.জরুরী বাহির লাইট, ফগ লাইট স্থাপিত আইলস মার্ক করা রাস্তা ব্যবহার করতে হবে।<br>১২.অসমতল রাস্তা, সিঁড়ি, গর্ত, এড়িয়ে চলা।<br>১৩.হঠাৎ পড়ে যাওয়া এড়াতে সঠিক মাপের জুতা পরিধান করা।<br>১৪.প্রাকৃতিক দুর্যোগকালীন সময়ে ঝুঁকিপূর্ন স্থান এড়িয়ে চলা, ফাইল কেবিনেট, ড্রয়ার সমূহ সব সময় বন্ধ রাখা। | |

নীতিমালা প্রস্তুতকারী

নীতিমালা নীরিক্ষনকারী

নীতিমালা অনুমোদনকারী